# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)
শাখা নিয়ন্ত্রণ বিভাগ।
www.kb.gov.bd
Email:bcd@kb.gov.bd

বিষয়: 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা,২০২২-২৩'বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে কর্মসংস্থান ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল বিভাগের সমন্বয়ে ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মনোজ রায়, উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

স্থান: শাখা নিয়ন্ত্রণ বিভাগ এর উপমহাব্যবস্থাপকের অফিস কক্ষ।

তারিখ ও সময়: ২১ ডিসেম্বর ২০২২, বিকাল- ৩.৩০ ঘটিকা।

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে তিনি এ ব্যাংকের সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং তা নিয়মিত মনিটরিং ও পরিবীক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাব্যবস্থাপক ও সদস্য সচিব জনাব মোঃ এনায়েতুর রহমান শেখ এ ব্যাংকের বর্তমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত নির্বাহীগণ এ ব্যাংকের সিটিজেন চার্টার এর উপর আলোচনা এবং প্রয়োজনীয় সংশোধনের জন্য মতামত ব্যক্ত করেন।

আলোচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ সমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্তে সভা আয়োজনের বাধ্যবাধকতার প্রেক্ষিতে ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, খ) সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ ,গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন, ঘ) সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন এবং ঙ) তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ নিয়ে সভায় নির্বাহীগণ বিস্তারিত আলোচনা করেন। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির নিকট প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে তা আপলোড এর জন্য আইটি বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | এ সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ০৫ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |
| ০২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা -২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েবসাইটে হালনাগাদ (সভার তারিখ, সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, যোগাযোগের ঠিকানা, সেবার মূল্য তালিকা ইত্যাদি) করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রার এতদসংক্রান্ত মোট ০২(দুই)টি প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে। এ ক্ষেত্রে কর্মসম্পাদন সূচকের মান-০৩। | সংশ্লিষ্ট বিভাগ অবগত করে যে, চলতি ত্রৈমাসিকে (অক্টোবর- ডিসেম্বর/২০২২) এতদসংক্রান্ত ০১(এক)টি অনলাইনে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। অনলাইনে প্রশিক্ষণ আয়োজনের তারিখ: ০৬ নভেম্বর ২০২২ | অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট |
| ০৪. | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতিতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ ক্ষেত্রে কর্মসম্পাদন সূচকের মান-০৪। | সংশ্লিষ্ট বিভাগ অবগত করে যে, অংশীজনের অংশগ্রহণে চলতি ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর/২০২২) ০১টি সভা আয়োজন করা হয়েছে।<br>আয়োজনের তারিখ: ১৬ নভেম্বর ২০২২<br>ও<br>স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুমিল্লা | ঋণ ও অগ্রিম বিভাগ |
| ০৫. | তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ এর পরিবর্তন, সংশোধন এর বিষয়ে আলোচনা করা হয়। | সভায় তথ্য অধিকার এর ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরী ও হালনাগাদকরণ বিষয়ে পর্যালোচনা, অনুধাবন ও যৌক্তিকতা বিচার বিশ্লেষণপূর্বক তা হালনাগাদ করা হয় (পরিশিষ্ট –'খ' সংযুক্ত)। হালনাগাদকৃত 'ক্যাটাগরি ও ক্যাটালগ'ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |

পরিশেষে উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মনোজ রায়)
উপমহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ বিভাগ
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
তারিখ: ২১ ডিসেম্বর ২০২২

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.৩২.০০১.১৯-
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কমংর্সস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কমংর্সস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কমংর্সস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৬। অফিস নথি।

২১.১২.২০২২

(মোঃ এনায়েতুর রহমান শেখ)
সহকারী মহাব্যবস্থাপক
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

পরিশিষ্ট- খ

## তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ।

ক) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম:

| ক্রমিক নং | বিষয় | লিংক/ওয়েবসাইট |
|---|---|---|
| ০১ | কর্মসংস্থান ব্যাংক আইন-১৯৯৮ | লিংক |
| ০২ | বহি: বাংলাদেশ ছুটি | লিংক |
| ০৩ | পদায়ন | লিংক |
| ০৪ | নোটিশ | লিংক |
| ০৫ | বদলী | লিংক |
| ০৬ | কর্মসংস্থান ব্যাংকের সাংগঠনিক কাঠামো | লিংক |
| ০৭ | কর্মসংস্থান ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের কর্মবন্টন | লিংক |
| ০৮ | কর্মসংস্থান ব্যাংকের সিটিজেন চার্টার | লিংক |
| ০৯ | কর্মসংস্থান ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের ডিরেক্টরী | লিংক |
| ১০ | কর্মসংস্থান ব্যাংকের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট আইন, বিধি, প্রবিধি ও নীতি | লিংক |
| ১১ | নিয়োগ/ পদোন্নতি সংক্রান্ত অফিস আদেশ | লিংক |
| ১২ | কর্মকর্তা-কর্মচারীদের বিদেশে প্রশিক্ষণ/ভ্রমণ সংক্রান্ত অফিস আদেশ | লিংক |
| ১৩ | কর্মকর্তা-কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি/অর্জিত ছুটি সংক্রান্ত অফিস আদেশ | লিংক |
| ১৪ | কর্মসংস্থান ব্যাংক কর্তৃক সময় সময় জারীকৃত পরিপত্র | লিংক |
| ১৫ | কর্মসংস্থান ব্যাংকের ক্রয় সংক্রান্ত টেন্ডার বিজ্ঞপ্তি | লিংক |
| ১৬ | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইলের ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তালিকা | লিংক |
| ১৭ | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইলের ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত আপিল কর্তৃপক্ষের তালিকা | লিংক |
| ১৮ | কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও পরিচালকগণের নামের তালিকা | লিংক |
| ১৯ | কর্মসংস্থান ব্যাংকের Allocation of Business | লিংক |
| ২০ | FID এর সাথে কর্মসংস্থান ব্যাংকের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | লিংক |
| ২১ | কর্মসংস্থান ব্যাংকের সাথে বিভাগীয় কার্যালয়ের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | লিংক |

| | | |
|---|---|---|
| ২২ | কর্মসংস্থান ব্যাংকের বার্ষিক প্রতিবেদন | লিংক |
| ২৩ | কর্মসংস্থান ব্যাংকের আর্থিক প্রতিবেদন | লিংক |
| ২৪ | কর্মসংস্থান ব্যাংকের সকল কার্যালয়/ শাখার নাম, ঠিকানা, ফোন নম্বর ও মোবাইল নম্বর | লিংক |
| ২৫ | কর্মসংস্থান ব্যাংকের বার্ষিক ক্রয় পরিকল্পনা | লিংক |
| ২৬ | কর্মসংস্থান ব্যাংকের বিভিন্ন সভা সেমিনারের ভিডিও এবং স্থির চিত্র | লিংক |
| ২৭ | কর্মসংস্থান ব্যাংকের শাখাসমূহের গুগল ম্যাপ | লিংক |
| ২৮ | কর্মসংস্থান ব্যাংকের বিভিন্ন ঋণ/ আমানত কর্মসূচির যাবতীয় তথ্য | লিংক |

চলমান পাতা-০২

**খ) চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা:**

১। স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য;

২। বিভিন্ন নীতি;

৩। সংস্থার বাজেট;

৪। আর্থিক তথ্য, যেমন-আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী;

৫। অডিট রিপোর্ট (জবাবসহ);

৬। প্রকল্পের ব্যাংক সংক্রান্ত তথ্য;

৭। ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর)

৮। উপকারভোগীর তালিকা;

৯। মাস্টাররোল;

১০। বিভিন্ন প্রশাসনিক রেজিস্টার খাতা;

১১। অডিও-ভিজুয়াল ডকুমেন্ট;

১২। নিয়োগ বা বদলীর আদেশ;

১৩। দেশে বা বিদেশে ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি;

১৪। প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য (ক্রমিক নং-গ) ব্যতিত সকল তথ্য।

**গ) প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্যের তালিকা:**

১। তদন্তাধীন বিষয় সংশ্লিষ্ট কোনো তথ্য যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে;

২। কোনো ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য;

৩। গবেষণার সূত্র বা কৌশল বা কারো বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ তথ্য;

৪। নিয়োগ পদোন্নতি পরীক্ষাসহ সকল পরীক্ষার প্রশ্নপত্র ও ফলাফল সংক্রান্ত আগাম তথ্য, ইত্যাদি।

২৭/১২/২২
মোঃ এনায়েতুর রহমান শেখ
সহকারী মহাব্যবস্থাপক

২৭/১২/২০২২
মনোজ রায়
উপমহাব্যবস্থাপক